**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**শিক্ষা মন্ত্রণালয়**
**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**
**অধিশাখা (অডিট ও আইন)**
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.০৬.০১৬.১৭-**৪৯৫**

তারিখ : ১০ জ্যৈষ্ঠ ১৪২৫ / ২৪ মে ২০১৮

## পরিপত্র

**বিষয়ঃ "ন্যাশনাল স্ট্র্যাটেজিক প্ল্যান ফর নিউরোডেভেলপমেন্টাল ডিজঅর্ডার ২০১৬-২০২১" অনুযায়ী শিক্ষা মন্ত্রণালয় -এর কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগাধীন মাঠপর্যায়ের করণীয়।**

অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা মোকাবেলায় সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থাসমূহের সমন্বয়ে অটিজম ও এনডিডি সমস্যা সনাক্তকরণ ও জীবনব্যাপী চাহিদার আলোকে স্বল্পব্যয়ে জাতীয়, বিভাগীয়, জেলা, উপজেলা ও ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ে টেকসই সেবা প্রদান এবং সেবা কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক সূচনা ফাউন্ডেশন ও যুক্তরাষ্ট্রের ম্যাসাচুয়েটস ইউনিভার্সিটির ইনস্টিটিউট ফর কমিউনিটি ইনক্লুশন এর সহযোগিতায় "ন্যাশনাল স্ট্র্যাটেজিক প্ল্যান ফর নিউরোডেভেলপমেন্টাল ডিজঅর্ডার ২০১৬-২০২১" প্রণয়ন করা হয়েছে। "ন্যাশনাল স্ট্র্যাটেজিক প্ল্যান ফর নিউরোডেভেলপমেন্টাল ডিজঅর্ডার ২০১৬-২০২১" বাস্তবায়নকল্পে শিক্ষা মন্ত্রণালয়ের অধীন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতায় অধিদপ্তর/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্য নিম্নোক্ত কার্যক্রম চিহ্নিত করা হয়েছে।

| ক্র: নং | কার্যক্রম |
|---|---|
| ১. | অটিজম ও নিউরোডেভেলপমেন্টাল ডিজঅর্ডার (NDD) বৈশিষ্ট্যসম্পন্ন শিক্ষার্থীদেরকে তাঁদের বাসস্থানের নিকটতম কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণ; |
| ২. | দেশের প্রতিটি উপজেলার কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, ম্যানেজিং কমিটির সদস্যবৃন্দ ও জনসাধারণকে ওরিয়েন্টেশন/ওয়ার্কশপের মাধ্যমে অটিজম ও NDD বিষয় সম্পর্কে সচেতনকরণ; |
| ৩. | পলিটেকনিক ইনস্টিটিউট, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজসহ অন্যান্য কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান এবং মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অটিজম ও নিউরোডেভেলপমেন্টাল ডিজঅর্ডার (এনডিডি) বিষয়ক সচেতনতামূলক সভা ও অভিভাবক সমাবেশ আয়োজন; |
| ৪. | অটিজম ও NDD বৈশিষ্ট্যসম্পন্ন শিশুদের শিক্ষার অধিকার প্রতিষ্ঠার জন্য সচেতনতা বৃদ্ধির লক্ষে সরবরাহকৃত লিফলেট, ফেস্টুন, ডকুমেন্টারি প্রদর্শন ও প্রচার; |
| ৫. | সকল কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে বিশ্ব অটিজম সচেতনতা দিবস ও সংশ্লিষ্ট অন্যান্য দিবস উদ্‌যাপন; |
| ৬. | অটিজম ও NDD বৈশিষ্ট্যসম্পন্ন শিক্ষার্থীদের শিক্ষা নিশ্চিতকরণে প্রত্যেক কারিগরি ও মাদ্রাসা প্রতিষ্ঠানের কমপক্ষে ০২ (দুই) জন শিক্ষককে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ নিশ্চিতকরণ; |
| ৭. | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত অটিজম ও NDD বৈশিষ্ট্যসম্পন্ন শিক্ষার্থীকে শিক্ষাবৃত্তি প্রদান; |
| ৮. | সকল কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে অটিজম ও NDD বৈশিষ্ট্যসম্পন্ন শিক্ষার্থীদের জন্য প্রতিবন্ধীবান্ধব অবকাঠামো নিশ্চিতকরণ; |
| ৯. | সকল অটিজম ও NDD বৈশিষ্ট্যসম্পন্ন শিক্ষার্থীদর কো-কারিকুলাম কার্যক্রমে অংশগ্রহণ নিশ্চিতকরণ; |
| ১০. | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), কারিগরি শিক্ষক প্রশিক্ষণ কলেজ (টিটিটিসি), জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার) প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের প্রশিক্ষণ মডিউলে অটিজম ও এনডিডি বিষয়কে অন্তর্ভুক্তকরণ এবং উক্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদান; |
| ১১. | শিক্ষা প্রতিষ্ঠানে সকল শিক্ষার্থীর মধ্যে সহমর্মিতা ও সংবেদনশীল মনোভাব গড়ে তোলার জন্য শ্রেণি কক্ষে উপদেশমূলক আলোচনা; |
| ১২. | অটিজম ও NDD বৈশিষ্ট্যসম্পন্ন শিক্ষার্থীদের বিনোদনের ব্যবস্থা করা; |
| ১৩. | শিক্ষক, কর্মচারী ও শিক্ষার্থীদের আচরণ সহযোগিতামূলক ও সংবেদনশীল করার জন্য কার্যক্রম (Advocacy Sensitization, Awareness) গ্রহণ; |
| ১৪. | অটিজম ও NDD বৈশিষ্ট্যসম্পন্ন শিক্ষার্থীদের জন্য আলাদা রেজিস্টার সংরক্ষণ করা এবং বিশেষ চাহিদা, সক্ষমতা, সীমাবদ্ধতা ও আচরণগত অসুবিধাসমূহকে রেজিস্টারে লিপিবদ্ধকরণ; |
| ১৫. | শিক্ষা প্রতিষ্ঠানে প্রতি ০২ (দুই) মাস পরপর শিক্ষার্থী ও অভিভাবক নিয়ে মতবিনিময় সভা আহ্বান; |
| ১৬. | পলিটেকনিক ইনস্টিটিউট, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজসহ অন্যান্য কারিগরি শিক্ষা এবং মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহ কর্তৃক জব ফেয়ার, স্কিলস কম্পিটিশন ইত্যাদি অনুষ্ঠানে অটিজম ও এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিতকরণ; |
| ১৭. | পলিটেকনিক ইনস্টিটিউট, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজসহ অন্যান্য কারিগরি শিক্ষা ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অটিজম ও এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন শিক্ষার্থীদের শিক্ষা শেষে কর্মসংস্থানের সুবিধার্থে ইন্ডাস্ট্রিসহ অন্যান্য উপযুক্ত প্রতিষ্ঠানের সাথে সংযোগ স্থাপনে সহায়তাকরণ; এবং |
| ১৮. | সেবা প্রদানে সমাজকল্যাণ মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং এনজিওসহ অন্যান্য প্রতিষ্ঠানের সাথে তথ্য আদান-প্রদানসহ সমন্বয় রক্ষাকরণ। |

০২. এ পরিপত্র অবিলম্ব কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(মো: আলমগীর)
সচিব

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নহে):**

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
৩. পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
৫. চেয়ারম্যান, মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশি বাজার, ঢাকা।
৬. অধ্যক্ষ, বিএমটিটিআই, গাজীপুর।
৭. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.০৬.০১৬.১৭-৪৯৫(৭)/১৮ তারিখ : ১০ জ্যৈষ্ঠ ১৪২৫ / ২৪ মে ২০১৮

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**
১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ।
২. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
৩. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৪. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৫. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৬. অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন/কারিগরি/অডিট ও আইন/মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭. যুগ্মসচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)।
৯. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. জেলা প্রশাসক, ......................................... (সকল)।
১১. পরিচালক, এনডিডিপিটি (নিউরো ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটি প্রটেকশন ট্রাস্ট), পদ্মা ইন্সুরেন্স বিল্ডিং (টপ ফ্লোর), বাংলা মটর, ঢাকা।
১২. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৪. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৫. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/কুমিল্লা/ময়মনসিংহ/চট্টগ্রাম/বরিশাল/খুলনা/সিলেট/রাজশাহী/রংপুর অঞ্চল।
১৬. জেলা শিক্ষা অফিসার, .......................... (সকল)।
১৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, .......................... (সকল)।
১৮. অফিস কপি।

২৪.৫.১৮
ড. শ্রীকান্ত কুমার চন্দ
উপসচিব (অডিট ও আইন)
ফোন: ৯৫৭৪০৯০